২৭। আমরা কানাডার সেই সমস্ত পরিবারগুলির জন্য প্রার্থনা করি যাদের মধ্যে কোভিড-১৯ লকডাউনের ফলে অনেক বেশী সময় একসঙ্গে থাকার ফলে বিরোধ তৈরী হয়েছে। হে পিতা, এই বিবাহগুলিতে এবং পরিবারগুলিতে পুরর্মিলন আনো। (ইফিষীয় ৪:৩১-৩২)

২৮। সন্তান সন্ততি সহ যে সমস্ত পরিবারগুলিতে বিশেষ প্রয়োজন আছে সেই সমস্ত পরিবাগুলির জন্য আমরা প্রার্থনা করি।কয়েক সময় সাহায্যদানকারীদের মোকাবিলা করার থেকেও অধিক প্রয়োজন থাকে। প্রভু, তাদেরকে সাহায্য পাঠাও এবং তাদেরকে প্রতিদিন এই আশ্বাস দাও যে তুমি তাদের সঙ্গে সঙ্গে আছো। (যাত্রা ৩৩:১৪)

২৯। হে পিতা, আমাদের ঘরগুলি যেন ভালোবাসায় পূর্ণ নিরাপদ স্থান হয়। যে বিশ্বাসীরা তাদের চাপ এবং বিকারত্বের বিষয়গুলির সমস্ত ভার তোমার কাছে নিয়ে আসার জন্য এবং পরিবারের সদস্যদের মধ্যে বিরোধ সৃষ্টি করার অথবা আঘাত করার পরিবর্তে তোমাকে তাদের জোগানদাতা করার জন্য কাজ করছে  তাদের তুমি সাহায্য করো। (মথি ৫:৯)

৩০। হে ঈশ্বর, আমরা অনুশোচনাকারী পরিবারগুলির উন্নতিসাধন করি। তাদের এই ক্ষতির সময়ে তাদেরকে সাহায্য করো। তোমার অব্যর্থ ভালোবাসা এবং বিশ্বস্ততাসহ তাদেরকে সান্ত্বনা দাও এবং তারা যেন তোমার অন্বেষণ করতে পারে তার জন্য তাদের শক্তি দাও। (২ করিন্থীয় ১:৩-৪)

৩১। হে প্রভু, তুমি পিতৃহীনদের পিতা। একক বাবা মায়েদের পরিবারের শিশুদের হৃদয় এবং তোমার ভালোবাসা এবং উপস্থিতিতে পূর্ণ করো এবং তাদের যা কিছু প্রয়োজন তার জোগান দাও (গীতসংহিতা ৬৮:৫)

## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থনা

১। বর্তমানে বাংলাদেশে আবার করোনা প্রভাব প্রকট রূপ ধারণ করছে, যার কারণে অনেক মানুষ মারা যাচ্ছে, দরিদ্রতার হার বৃদ্ধি পাচ্ছে। তাই প্রার্থনা করবেন যেন ঈশ্বর তার মুখ বাংলাদেশের প্রতি উজ্জ্বল করেন, এবং বাংলাদেশের মানুষের পাপ ক্ষমা করে এই মহামারির হাত থেকে যেন সবাইকে রক্ষা করেন।

২। বাংলাদেশের অধিকাংশ মানুষ সীমিত আয় সীমার নিচে বসবাস করছে, এবং দিনদিন শিক্ষিত বেকারদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। প্রার্থনা করবেন যেন বাংলাদেশের সকল স্তরের মানুষ দারিদ্র্যতার হাত থেকে বাঁচতে পারে, এবং মেয়েদের কর্মসংস্থান বৃদ্ধি পায়।

৩। বাংলাদেশের সর্বস্তরের মানুষ যেন সমাজে নারীদের স্থান নিশ্চিত করে এবং তাদের প্রাপ্য সম্মান দান করে, এবং নারীরা যেন ঈশ্বরের রাজ্য বিস্তারের জন্য অবদান রাখতে পারে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

৪। যে সমস্থ বিশ্বাসীগন বিভিন্ন ভাবে অত্যাচারিত হচ্ছে ঈশ্বর যেন তাদের ঢাল হয়ে সমস্থ বিপদ থেকে রক্ষা করেন এবং তাদের মধ্য দিয়ে বাংলাদেশে যেন ঈশ্বরের রাজ্য বৃদ্ধি পায় এর জন্য প্রার্থনা করবেন।

৫। বাংলাদেশের সরকার এবং যারা বাংলাদেশের সাংগঠনিক দায়িত্বে রয়েছেন তারা যেন দেশ ও দশের জন্য সৎভাবে কাজ করতে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

후원안내
국민은행 851-01-0003-724 북방선교방송
최초 입금 후 사무실로 연락주시기 바랍니다.

# Women of Hope
Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত ‘প্রত্যাশাময়ী নারী’  নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাসায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



**2021. 07.**

## বিবাহ, পরিবার, একক পিতামাতা

পরিবার হল ঈশ্বর কর্তৃক প্রতিষ্ঠিত একটি সম্প্রদায়, এটি হল সবচেয়ে প্রাথমিক ও অপরিহার্য  সম্প্রদায়।  আপনি আপনার পিতামাতার মাধ্যমে ঈশ্বরের ভালোবাসার অভিজ্ঞতা লাভ করতে পারবেন। আপনি আপনার সন্তানদের মাধ্যমে  ঈশ্বরের ভালোবাসা কল্পনা করতে পারবেন।  একে অপরকে সাহায্য করার জন্য স্বামীকে স্ত্রী ও স্ত্রীকে স্বামী দেওয়া হয়েছে।  সঠিক বিশ্বাসের দ্বারা জীবন যাপনের মাধ্যমে আসুন এমন এক পরিবার গড়ে তুলি যা ঈশ্বরকে সন্তুষ্ট করবে। " কিন্তু আমি ও আমার পরিজন আমরা সদাপ্রভুর সেবা করিব " । ( যিহোশূয় ২৪ : ১৫ )

**TWR Korea 북방선교방송**
서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층
전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

# আন্তরিক ভাবে প্রার্থনা করছি।

১। প্রিয় প্রভু, প্রয়োজনীয় অনলাইন শিক্ষা ব্যবস্থা সারা বিশ্বব্যাপী শিশুদের উপর এবং বাবা মায়েদের উপর প্রভাব ফেলেছে। শক্তিশালী সম্পর্ক বজায় রাখার মাধ্যমে সফলভাবে শিক্ষিত করার জন্য প্রত্যেকটি পরিবারকে প্রয়োজনীয় অনুগ্রহ, ধৈর্য এবং সাহায্য দাও। (২ করি ১২:৯)

২। পিতা, স্বামী পরিত্যক্ত রোমানীয় মায়েদের জন্য আমরা প্রার্থনা করি। তাদেরকে তোমাতে প্রজ্ঞা, আশা দাও, তাদের সন্তানদের বড় করার জন্য ধৈর্য দাও, আর্থিক সম্পদ দাও এবং খ্রীষ্টিয় সমাজ থেকে সাহায্য পাওয়ার ব্যবস্থা করে দাও। (গীত ৫৭:১)

৩। প্রভু,কম্বোডিয়ার যুবতীদের মন্দ লোকদের হাত থেকে রক্ষা করো যারা তাদের ইচ্ছার বিরুদ্ধে পুরুষদের বিবাহ করার জন্য চীন অথবা মালেশিয়ায় নিয়ে যায়। (২ থিষলনীকীয় ৩:৩)

৪। এই লকডাউন চলাকালীন ক্রোয়েশিয়ায় অসংখ্য ঘরোয়া হিংস্রতায় বিপর্যস্থ মহিলারা আছেন যাদের জীবন তাদের উপর অত্যাচারকারীদের দ্বারা আতঙ্কিত এবং বিপন্ন। প্রভু,তাদেরকে সুরক্ষিত করো, তাদেরকে নিরাপত্তার মধ্যে পরিচালিত করো এবং তাদেরকে পুনরুদ্ধারের স্থানে আনো। (যিশাইয় ৪১:১০-১২)

৫। ঈশ্বরের বাক্য সহভাগিতা করার দ্বারা এবং এক সঙ্গে প্রার্থনা করার দ্বারা তানজানিয়ার পরিবারগুলি যেন আত্মিকভাবে শক্তিশালী হয়। তাদের বাবা মা এবং সন্তান সন্ততিদের মধ্যে পারস্পরিক সম্মান, প্রেম এবং উপলব্ধির পরিবেশ দাও। (রোমীয় ১০:১৭)

৬। ঈশ্বর,আমরা প্রার্থনা করি যাতে তুমি ভিয়েতনামের বহু প্রজন্মের পরিবারগুলিকে পরস্পরকে বুঝতে এবং সংহতির মধ্যে জীবনযাপন করার বিষয়টি বেছে নিতে সাহায্য করো।(গীত১১২:২)

৭। পিতা, আমরা তোমার কাছে যাচনা করি যে তুমি উত্তর ককেশাসের অসংখ্য মহিলাদের গর্ভ উন্মোচিত করো যাঁরা গর্ভবতী হতে পারে না। এই দিক থেকে বন্ধ্যাত্ব অসংখ্য স্বামী এবং স্ত্রীদের মধ্যে বিরোধ সৃষ্টি করে। (১ পিতর ৩:৭)

৮। যেহেতু এই অতিমারীর সময় ইন্দোনেশিয়ায় মুসলিম দম্পতিদের মধ্যে বিবাহবিচ্ছেদ বৃদ্ধি পাচ্ছে, সন্তানসহ অসংখ্য একক বাবা মায়েরা কাজ পাওয়ার বিষয়ে সংগ্রাম করছে। প্রার্থনা করুন এই পরিবারগুলি যেন কাজ পায় এবং অর্থিক কারণে তারা যেন তাদের অল্প বয়েসী মেয়েদের বিবাহ করতে বাধ্য না করে। (মথি ১৮:১০)

৯। হে ঈশ্বর, আমরা তোমার প্রশংসা করি যে অতিমারীর এই সঙ্কটের সময় আশাময়ী নারী অনুষ্ঠানগুলি পর্তুগীজ পরিবারগুলিতে আশা এবং শক্তি আনে। তাদের জীবনে পুনর্মিলন এবং শান্তি আনার জন্য এই অনুষ্ঠানগুলিকে ব্যবহার করো। (মার্ক ১০:৬-৯)

১০। পিতা, আমরা তোমাকে ধন্যবাদ দিই যে আমাদের ইথিয়পীয়ার দলটি মহিলা এবং পুরুষদের শিক্ষা দিচ্ছেন যে তারা ঈশ্বরের প্রতিমূর্তিতে সৃষ্টি হয়েছে।পাপের দ্বারা নষ্ট হয়ে যাওয়া এই পরিচয় যীশু খ্রীষ্টে পরিত্রাণের মাধ্যমে পুনরুদ্ধার হয়েছে। (আদিপুস্তক ১:২৭)

১১। প্রভু,আমরা দক্ষিণ আফ্রিকার সেই সমস্ত দম্পতিদের জন্য ঈশ্বরীয় অনুতাপ, জীবনের পরিবর্তন, ক্ষমা এবং পুনর্মিলিত হওয়ার জন্য প্রার্থনা করুন যারা তাদের স্বামী অথবা স্ত্রীর অবিশ্বস্থতার জন্য বিবাহ বিচ্ছিন্ন হয়েছে। (ইফিষীয় ৫:৩৩)

১২। পিতা, আমরা দক্ষিণ কোরিয়ার মহিলাদের জন্য প্রার্থনা করি যারা অল্প বয়েসে বিবাহ করে এবং মা হয় এবং যাদের উপদেশ দেওয়ার জন্য কাছাকাছি কোনও মা বা বাবা থাকে না। আশাময়ী নারী সম্প্রচারগুলি যেন জ্ঞান এবং প্রজ্ঞার উৎস হয়। (গীত ৩২:৮)

১৩। প্রভু, বোনেয়ারের একক মায়েদের তাদের শরীরের, মনের এবং আত্মার যত্নের বিষয়টিকে প্রাধান্য দিতে সাহায্য করো। তাহলে তারা অন্যদেরও যত্ন করতে সক্ষম হবে এবং তাদের সন্তান সন্ততিদের প্রয়োজনগুলির ক্ষেত্রে আবেগজনিত সাহায্য হবে। (যিশাইয় ৪০:৩১)

১৪। পিতা, আমরা প্যারাগুয়ের সমস্ত পরিবারগুলির জন্য প্রার্থনা করি যারা যীশুর পরিত্রাণ লাভ করেছে। তোমার বাক্যের মাধ্যমে তাদের বিশ্বাসকে শক্তিশালী করো, এবং তারা যেন তোমার ভালোবাসা এবং ক্ষমা বুঝতে পারে (গীত ১১৯:১০৫)।

১৫। ঈশ্বর, লাইবেরিয়ার দম্পতিরা যেন তাদের বিবাহের মধ্যে শ্বাস নবায়িত করার জন্য তোমার কাছে যাঞ্চা করতে পারে। কীভাবে পরস্পরের তত্ত্বাবধান করতে হয় এবং তোমাতে ঐক্যবদ্ধ হতে হয় তা তুমি তাদের দেখাও। (১ পিতর ৪:৮)

১৬। পিতা, বিবাহের বিষয়টিকে গুরুত্ব দিতে ফিনিসীয় লোকদের সাহায্য করো এবং তারা যেন বুঝতে পারে যে এই সম্পর্কটি খ্রীষ্টের সঙ্গে মণ্ডলীর সম্পর্কের মতো – এর ভিত্তি যেন অবশ্যই ভালোবাসা, ক্ষমা এবং করুণা হয়। তারা যেন এটা অবগত হয় যে তুমিই একটি বিবাহ এবং পরিবারের সব থেকে ভালো ভিত্তি। (ইফিষীয় ৫:২১-২৩)

১৭। হে প্রভু, জাপানে যখন একক বাবা মায়ের বিষয়টি বৃদ্ধি পাচ্ছে, তখন আমরা অসংখ্য সেই সমস্ত মায়েদের সাহায্য এবং প্রতিবিধানের জন্য প্রার্থনা করি যারা দারিদ্রের মধ্যে জীবনযাপন করছে এবং যাদের শিশুরা অভাবের কারণে স্কুলে যেতে পারছে না। (২ করিন্থীয় ৯:৮)

১৮। হে ঈশ্বর, স্পেনের ভগ্ন সর্ম্পকের পরিবারগুলি এবং দম্পতিরা যেন তোমার মাধ্যমে আরোগ্য লাভ করে। তারা যেন পুনরায় মিলিত হতে পারে, তাদের মধ্যে ঐক্য এবং শান্তি আনো, তাদেরকে পরস্পরকে ক্ষমা করতে শিক্ষা দাও। ( যোহন ৪:১৬)

১৯। প্রভু, *"তুমি মহামূল্যবান"* নামক পোলিশ অনুষ্ঠানটি সফলভাবে শুরু হওয়ার জন্য আমরা প্রার্থনা করি, যেখানে বিবাহ, পরিবার এবং একক বাবা মায়ের সাধারণ সমস্যাগুলি নিয়ে আলোচনা করা হয়েছে। (হিতোপদেশ ১৬:৩)

২০। হে পিতা, তোমার কাছে এবং পরস্পরের কাছে বিশ্বস্ত হওয়ার জন্য তুমি ভারতের স্বামীদের এবং স্ত্রীদের শক্তি দাও। তাদেরকে পরস্পরের কাছে নম্র, ভদ্র এবং সহিষ্ণু হওয়ার জন্য অনুগ্রহ দাও, তারা যেন তোমার ভালোবাসার মাধ্যমে ঐক্য খুঁজে পায়। (গীত ১৩৩:১)

২১। হে পিতা, শ্বশুর শাশুড়ীর সঙ্গে বোঝাপড়ার কঠিন সমস্যার জন্য ফিলিপাইন স্ত্রীদের সাহায্য করো। আমরা এই সম্পর্কগুলির মধ্যে শান্তি, সংহতি এবং বোঝাপড়ার জন্য প্রার্থনা করি। (১ পিতর ৫:৬)

২২। ঈশ্বর, যে সমস্ত একক মায়েরা তাদের পরিবারগুলির প্রয়োজন পূরণ করার জন্য সংগ্রাম করছেন তাদের জন্য আমরা প্রার্থনা করি। এই অতিমারীর সময় অনেকে তাদের কাজ হারিয়েছে এবং দুশ্চিন্তাগ্রস্ত,হতাশাগ্রস্ত, ক্ষুধার্ত এবং গৃহহীন হয়েছে। (মথি ৬:২৬)

২৩। প্রভু, মধ্য ইউরোপের মায়েদের তাদের পরিবারগুলিতে সঠিক প্রাধান্য স্থির করতে সাহায্য করো, তারা যেন উত্তম বিষয়গুলি মনোনীত করতে পারে এবং কীভাবে তাদের জীবিকা এবং শিশুদের দেখাশোনা করবে সেই বিষয় দুটির মধ্যে একটি ভারসাম্য রক্ষা করার জন্য তোমার অন্বেষণ করে। (যিশাইয় ৩০:২১)

২৪। প্রভু, আমরা ডেনমার্কের বিবাহগুলির জন্য প্রার্থনা করি যা বিভিন্ন সংস্কৃতি থেকে আসা ব্যক্তিদের মধ্যে গঠিত হয়। তারা বিশেষ চ্যালেঞ্জগুলির সম্মুখীন হয়, এর মধ্যে তাদের পরিবারগুলির দ্বারা গ্রাহ্যতার অভাব থাকে এবং তাদের সংস্কৃতির কোন প্রেক্ষাপটের ভূমিকা তারা পালন করবে সেই বিষয়ে তাদের মধ্যে বিরোধ দেখা যায়। (ফিলিপীয় ২:২)

২৫। পিতা, বাইবেল ক্লাস নেবার জন্য গ্রীণল্যাণ্ডে যারা নৌকোয় করে বহুদূরবর্তী গ্রামগুলিতে যায় তাদের সুরক্ষা করো এবং পরিচালনা করো।সুসমাচার বাণীর দ্বারা সমগ্র পরিবাগুলিকে রূপান্তরিত করো,তাদের মধ্যে খ্রীষ্টে আশা, আনন্দ এবং নতুন জীবন আনো। (২ করিন্থীয় ৫:১৭)

২৬। হে পিতা, চীন দেশের মহিলাদের এবং তাদের পরিবারের আত্মিক জীবনকে শক্তিশালী করো। তারা যেন তাদের সিদ্ধান্তগুলিতে তোমার বাক্য এবং তোমার আত্মার অন্বেষণ করে এবং তাদের জীবনে তোমাকে তাদের মূল ফোকাসের জায়গা দেয়। (২ পিতর ১:৩)